

# বিকেএসপি বুলেটিন

(বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের সমসাময়িক ঘটনা প্রবাহের সংকলন)

বিংশ বর্ষ, জানুয়ারি-জুন, ২০১৯

## বিকেএসপি'র ৩১ তম বোর্ড অব গভর্নরস সভা অনুষ্ঠিত

গত ৩ এপ্রিল ২০১৯ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভাকক্ষে বিকেএসপি বোর্ড অব গভর্নরস এর ৩১তম সভা অনুষ্ঠিত হয়। বিকেএসপি বোর্ড অব গভর্নরসের মাননীয় চেয়ারম্যান এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রী জনাব মো. জাহিদ আহসান রাসেল এমপি উক্ত সভায় সভাপতিত্ব করেন। সভায় জনবল নিয়োগ, হকি বিভাগে মেয়ে প্রশিক্ষণার্থী ভর্তি, জাতীয় খেলা কাবাডি ক্রীড়া বিভাগ চালুকরণ, প্রশিক্ষণার্থীদের পোশাক পরিবর্তন ও বছরে ২ সেট পোশাক সরকারি ভাবে প্রদানের বিষয় ছাড়াও কিছু প্রশাসনিক সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতিষ্ঠানের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো: রাশীদুল হাসান সদস্য সচিব হিসেবে উপস্থিত ছিলেন। উল্লেখ্য দশ সদস্য বিশিষ্ট বোর্ড অব গভর্নরস বিকেএসপি'র কার্যক্রম তদারকি ও নিয়ন্ত্রণ করে থাকে।




## নবনিযুক্ত মহাপরিচালকের বিকেএসপিতে যোগদান



ব্রিগেডিয়ার জেনারেল মো: রাশীদুল হাসান, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি (বিএ-৪২৫৭) গত ৬ মার্চ ২০১৯ তারিখে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের ১৮তম মহাপরিচালক হিসেবে যোগদান করেন। ব্রিগেডিয়ার জেনারেল মো: রাশীদুল হাসান ১৯৯২ সালের ০৯ জুন বাংলাদেশ সেনাবাহিনীতে পদাতিক পল্টনে কমিশন লাভ করেন এবং সেনাবাহিনীর একজন চৌকস কর্মকর্তা হিসাবে অসামান্য পেশাদারিত্ব ও দক্ষতার সাথে বিভিন্ন কমান্ড, স্টাফ ও ইন্সট্রাকশনাল এপয়েন্টমেন্টে দায়িত্ব পালন করেন। সম্প্রতি ব্রিগেডিয়ার জেনারেল মো: রাশীদুল হাসান ভারতের নিউ দিল্লিতে অবস্থিত ন্যাশনাল ডিফেন্স কলেজ থেকে এনডিসি কোর্স সম্পন্ন করেন ও মাদ্রাজ ইউনিভার্সিটি থেকে M.Phil ডিগ্রি অর্জন করেন। খেলাধুলার প্রতি তিনি যথেষ্ট অনুরাগী এবং একজন passionate গলফার।

## ইয়ং টাইগার্স অনূর্ধ্ব-১৪ ক্রিকেটে বিকেএসপি চ্যাম্পিয়ন




বিকেএসপি অনূর্ধ্ব-১৪ ক্রিকেট দল ইয়ং টাইগার্স ২০১৮-১৯ ক্রিকেটে চ্যাম্পিয়ন হয়েছে। তিন দিনের (১১-১৩ মার্চ) প্রতিযোগিতায় বিকেএসপি'র কিশোর ক্রিকেট দলটি ৭ উইকেটে ঢাকা বিভাগ (দক্ষিণ) কে পরাজিত করে। বিকেএসপি টসে জিতে ফিল্ডিং নিলে প্রতিপক্ষ ১৩৭ রানে অল আউট হয়ে যায়। জবাবে বিকেএসপি প্রথম ইনিংসে ১৭৯ রানে আউট হয়ে গেলে মাত্র ৪২ রানের লিড পায়। দ্বিতীয় ইনিংসে ঢাকা ১০২ রানে অল আউট হয়ে গেলে বিকেএসপি'র জন্য জয়ের জন্য লক্ষ্য নির্ধারণ হয় ৬১ রান। বিকেএসপি তিন উইকেট হারিয়ে ৬৩ রান করে জয়ের লক্ষ্যে পৌঁছে যায়। বিকেএসপি'র চৌধুরী মোহাম্মদ রিজওয়ান ১ম ইনিংসে ১১১ রান ও ২য় ইনিংসে ৩৩ রান করার সুবাদে ম্যান অব দ্য ম্যাচের পুরস্কার পান।

## ৩২ বছরের রেকর্ড ভাঙল বিকেএসপি'র অ্যাথলেট জহির



দেশের অত্যন্ত সম্ভাবনাময় ও উদিয়মান অ্যাথলেট মো. জহির রায়হান এবারের জাতীয় অ্যাথলেটিক্স প্রতিযোগিতায় ৪০০মি. ইভেন্টে নতুন রেকর্ড গড়ে স্বর্ণ পদক লাভ করেন। বিকেএসপি'র এই তরুণ অ্যাথলেট নতুন রেকর্ড করে ৩২ বছর আগের গড়া মিলজারের রেকর্ড ভেঙে দেন। ১৯৮৬ সালে সিউল এশিয়ান গেমসে মিলজার ৪০০মি. ইভেন্টে ৪৭.৫৫ সেকেন্ড সময় নিয়ে গড়ে ছিলেন রেকর্ড। ৩২ বছর পর বিকেএসপি'র অ্যাথলেট জহির ৪৬.৮৬ সেকেন্ড সময় নিয়ে সেই মিলজারকে রেকর্ডের পাতা থেকে মুছে দেন। রেকর্ড ভাঙা গড়ার এই ঐতিহাসিক মুহূর্তে মিলজার উপস্থিত থেকে অভিনন্দন জানান জহিরকে। ইতঃপূর্বে ২০১৭ সালের জুলাইয়ে প্রথম আলোচনায় আসেন জহির। তিনি কেনিয়ায় অনূর্ধ্ব-১৮ বিশ্ব যুব অ্যাথলেটিক্সের ৪০০ মিটারে সেমিফাইনালে ওঠেন। এরপর ২০১৮ এ সামার মিটে ৪০০ মিটারে সোনা জেতেন। তখন টাইমিং হয়েছিল ৪৮.১০ সেকেন্ড।

## বিকেএসপিতে বই বিতরণ উৎসব-২০১৯



গত ০১ জানুয়ারি, সরকারের বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণ কর্মসূচি অনুযায়ী বিকেএসপিতেও বছরের প্রথম দিনেই সকল প্রশিক্ষণার্থীদের হাতে বই তুলে দেন প্রতিষ্ঠানের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. আনিছুর রহমান।

## ৯ম জাতীয় শ্যুটিং প্রতিযোগিতার এয়ার পিস্তল ইভেন্টে নিলুফার স্বর্ণ পদক অর্জন



গত ৩০ মে- ০৩ জুন গুলশান শ্যুটিং স্পোর্টিং ফেডারেশন আয়োজিত ৯ম জাতীয় শ্যুটিং প্রতিযোগিতা - ২০১৯ অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় ৩১ টি ক্লাবের ২০০ জন শ্যুটার অংশ নিয়েছিল। এবারের আসরের এয়ার পিস্তলে বিকেএসপি'র শ্যুটার নিলুফা ইয়াসমিন স্বর্ণ পদক অর্জন করেন। একই ইভেন্টে বিকেএসপির আরেক শ্যুটার তুরিং দেওয়ান তাম্র পদক লাভ করেন।

## ইয়ুথ ন্যাশনাল আর্চার র‍্যাংকিং স্টেজ-২ এ বিকেএসপি'র প্রথম স্থান অর্জন



গত ২৩ মে টঙ্গীর শহিদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়ামে অনুষ্ঠিত ইয়ুথ ন্যাশনাল আর্চারি র‍্যাংকিং স্টেজ-২ এর প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় ৮টি দলের মোট ৬৪ জন আর্চার অংশগ্রহণ করেন। বিভিন্ন বয়স ভিত্তিক শ্রেণিতে ৯টি স্বর্ণ পদকের মধ্যে বিকেএসপি ৭টি স্বর্ণ, ৬টি রৌপ্য ও ২টি তম্র পদক নিয়ে র‍্যাংকিং এ ১ম স্থান অর্জন করে। স্বর্ণ পদক বিজয়ীরা হলেন- আব্দুর রহমান আলিফ, পান্না বড়ুয়া, মিশাদ প্রধান, দিয়া সিদ্দিকী, মো. তামিমুল ইসলাম, মো. আসিফ মাহমুদ বাপ্পি ও হুমায়রা ।

## নবনিযুক্ত অধ্যক্ষের বিকেএসপিতে যোগদান



লে. কর্নেল মোহাম্মদ শাহরিয়ার কবীর, পিএসসি (বিএ-৪৩০৭) গত ২৩ মে ২০১৯ তারিখে বিকেএসপি কলেজের ২১ তম অধ্যক্ষ হিসেবে যোগদান করেন। তিনি ১৯৯২ সালের ০৯ জুন বাংলাদেশ সেনাবাহিনীতে পদাতিক কোরে কমিশন লাভ করেন। দেশে ও বিদেশে উচ্চশিক্ষা গ্রহণের পাশাপাশি তিনি জাতিসংঘ মিশনে সিয়েরালিওন ও লাইবেরিয়াতে গুরুত্বপূর্ণ পদে নিয়োজিত ছিলেন।

## আইএসএসএফ আর্চরিতে দিয়ার স্বর্ণ বিজয়

আইএসএসএফ ইন্টারন্যাশনাল সলিডারিটি ওয়ার্ল্ড আর্চারি চ্যাম্পিয়নশিপে মেয়েদের রিকার্ভ এককে সোনার পদক জিতেছেন বিকেএসপি'র দিয়া সিদ্দিকী। গত ২৫-২৬ ফেব্রুয়ারি টঙ্গীর শহিদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়ামে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। রিকার্ভ ইভেন্টের একক ফাইনালে দিয়া নিজের প্রথম আন্তর্জাতিক প্রতিযোগিতায় প্রথম দুই সেট হারার পর দারুণ ভাবে ঘুরে দাঁড়িয়ে শেষ পর্যন্ত ৬-৪ সেট পয়েন্টে ইরানের শোজামেহের শিভাকে পরাজিত করেন। বিকেএসপি'র এ প্রশিক্ষণার্থী এবারের প্রতিযোগিতায় একক ইভেন্টে বাংলাদেশের একমাত্র স্বর্ণ পদক বিজয়ী আর্চার।




## ট্রাস্ট ব্যাংক ১৬তম জাতীয় জুনিয়র তায়কোয়ানডো প্রতিযোগিতায় বিকেএসপি চ্যাম্পিয়ন



গত ৭-১০ ফেব্রুয়ারি জাতীয় ক্রীড়া পরিষদের জিমন্যাশিয়ামে অনুষ্ঠিত ট্রাস্ট ব্যাংক ১৬তম জাতীয় জুনিয়র তায়কোয়ানডো প্রতিযোগিতা-২০১৯ এ বিকেএসপি চ্যাম্পিয়ন। বিকেএসপি ৭টি স্বর্ণ ও ১টি রৌপ্য নিয়ে শ্রেষ্ঠত্ব দেখায়। প্রতিযোগিতায় ১৮টি সংস্থা ও ৪টি সার্ভিসেস দলসহ মোট ২২টি দল অংশগ্রহণ করে। বিকেএসপি'র স্বর্ণ জয়ীরা হলেন আরাফাত হোসেন, ইলিয়াস হোসেন, রিজভী হোসেন, ফয়সাল হোসেন ও সাকিবুজ্জামান।

## বিকেএসপি'র প্রতিষ্ঠা বার্ষিকী ও বর্ষবরণ-১৪২৬ উদ্‌যাপন



পহেলা বৈশাখ, বিকেএসপি'র ৩৩ তম প্রতিষ্ঠা বার্ষিকী ও বাংলা শুভ নববর্ষ-১৪২৬। সকাল ৬ ঘটিকায় নবনিযুক্ত মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. রাশীদুল হাসান সকলের উপস্থিতিতে বিকেএসপি'র প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিনের কর্মসূচি শুরু করেন। মহাপরিচালক বিকেএসপি'র ৩৩ তম প্রতিষ্ঠা বার্ষিকীতে বিগত সময়ের সকলের অবদানের কথা কৃতজ্ঞতার সাথে স্মরণ করেন। এরপর প্রতিষ্ঠা বার্ষিকীর কেক কেটে সকলের মধ্যে বিতরণ করা হয়। বাঙালির ঐতিহ্য পান্তা খাওয়ার মধ্য দিয়েই শুরু হয় বর্ষবরণ-১৪২৬ এর কর্মসূচি। প্রশিক্ষণার্থীদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠানে আবহমান বাংলার নাচ, গান পরিবেশিত হয়। মহাপরিচালক তার বক্তব্যে উপস্থিত সকলকে নতুন বছরের শুভেচ্ছা জানান। অনুষ্ঠানে মহাপরিচালক মহোদয়ের সহধর্মিণী বেগম শাহনাজ পারভীন বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।





## ইয়ং টাইগার্স জাতীয় অনূর্ধ্ব-১৬ ক্রিকেটে বিকেএসপি চ্যাম্পিয়ন



বিকেএসপি'র অনূর্ধ্ব-১৬ ক্রিকেট দল ইয়ং টাইগার্স জাতীয় ক্রিকেট প্রতিযোগিতা ২০১৮-১৯ এ চ্যাম্পিয়ন হয়েছে। গত ২৪ এপ্রিল রাজশাহী বিভাগীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত ফাইনাল খেলায় বিকেএসপি'র কিশোর দলটি ৭৬ রানে ঢাকা মেট্রো দলকে পরাজিত করে। তিন দিনের (২৩-২৫ এপ্রিল) এ প্রতিযোগিতায় বিকেএসপি প্রথম ইনিংসে ৫২.২ ওভারে ১৫৪ রান করে। ঢাকা মেট্রো ৫৫.১ ওভারে ১১২ রান করে। বিকেএসপি দ্বিতীয় ইনিংসে ৫০.৩ ওভারে ১০৯ রান করে। জবাবে ঢাকা মেট্রে ৪৭.৫ ওভারে ৭৫ রানে সবাই আউট হয়ে গেলে বিকেএসপি ৭৬ রানে বিজয়ী হয়। খেলা শেষে ম্যাচ সেরা পুরস্কার পান বিকেএসপি'র ফয়সাল খান মাহফুজ এবং টুর্নামেন্ট সেরা পুরস্কার পান বিকেএসপি'র আরিফুল ইসলাম। বিকেএসপি'র মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ রাশীদুল হাসান কিশোর দলটিকে বিকেএসপি পরিবারের পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

## আর্চারি ওয়ার্ল্ড কাপ দলগত ইভেন্টে বাংলাদেশ ৪র্থ স্থান



হুনদাই আর্চারি ওয়ার্ল্ড কাপ স্টেজ-২ এর আসর বসেছিল চিনের সাংহাই এ। গত ৬-১২ মে অনুষ্ঠিত এ প্রতিযোগিতায় বিশ্বের ৩৮টি দেশের ২৯৫ জন আর্চার অংশগ্রহণ করেন। বাংলাদেশের হয়ে বিকেএসপি'র মো. তামিমুল ইসলাম ও মো. হাকিম আহমেদ রুবেল এ আসরে অংশগ্রহণ করেন। বাংলাদেশের এই দুই আর্চার দলগত ইভেন্টের ব্রোঞ্জ মেডেল ম্যাচে অলিম্পিক চ্যাম্পিয়ন কোরিয়ার নিকট ২-৬ সেট পয়েন্টে পরাজিত হয়ে পদক বঞ্চিত হয়ে চতুর্থ স্থান অর্জন করেন। প্রতিযোগিতায় বাংলাদেশ নকআউট পর্বে বেলজিয়াম ও নেদারল্যান্ডকে পরাজিত করে কোয়ার্টার ফাইনালে ভারতকে ৫-১ সেট পয়েন্টে পরাজিত করে সেমিফাইনাল নিশ্চিত করে। উল্লেখ্য ওয়ার্ল্ড কাপ আর্চারিতে বাংলাদেশের এটাই সর্বোচ্চ অর্জন।

## বিকেএসপিতে বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস পালিত

১৭ মার্চ, স্বাধীন বাংলাদেশের স্থপতি, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্ম বার্ষিকী। বাঙালি জাতির জীবনের এক আনন্দের দিন। দিবসটি জাতীয় শিশু দিবস হিসেবেও পালিত হয়। বিকেএসপিতেও দিনটি বিশেষ ভাবে পালন করা হয়। সকালে বিকেএসপি'র অডিও ভিজ্যুয়াল সেন্টারে শিক্ষক, প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের উপস্থিতিতে আয়োজন করা হয় কবিতা আবৃত্তি, আলোচনা ও প্রমাণ্যচিত্র প্রদর্শনী। আবৃত্তি ও আলোচনায় স্থান পায় বঙ্গবন্ধুর শৈশব, কৈশোর, রাজনৈতিক জীবন ও ক্রীড়া প্রেমী মুজিব। আলোচনায় জাতীয় শিশু দিবসের তাৎপর্য ও শিশু অধিকারের প্রতি গুরুত্বারোপ করা হয়। বিকেলে প্রশিক্ষণার্থীদের জন্য আয়োজন করা হয় প্রীতি ফুটবল ম্যাচ। প্রতিষ্ঠানের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. রাশীদুল হাসান মাঠে উপস্থিত থেকে খেলাটি উপভোগ করেন। বিকেএসপি'র আঞ্চলিক প্রশক্ষণ কেন্দ্র গুলোতেও গুরুত্বের সাথে দিবসটি পালিত হয়।






## ইয়ং টাইগার্স জাতীয় অনূর্ধ্ব- ১৬ ক্রিকেটে বিকেএসপি চ্যাম্পিয়ন



ওয়ালটন ২য় আন্তর্জাতিক কারাতে প্রতিযোগিতায় বিকেএসপি চ্যাম্পিয়ন। বিকেএসপি ১০টি স্বর্ণ, ১টি রৌপ্য ও ১টি তম্র পদক নিয়ে প্রতিযোগিতায় শ্রেষ্ঠত্ব লাভ করে। স্বর্ণ পদক প্রাপ্তদের মধ্যে অমিত কান্তি দেব , মো. তাইম হাওলাদার, মো. আরাফাত প্রত্যেকে ২টি এবং মো. জর্জিস আনোয়ার, মো. সাগর হোসেন, মো. আসিফ আলী ও ফিরোজ হোসেন প্রত্যেকে ১টি করে পদক লাভ করেন। বাংলাদেশ কারাতে ফেডারেশন গত ১৪-১৬ মার্চ যশোরের ঝিকরগাছায় আন্তর্জাতিক এ টুর্নামেন্ট আয়োজন করে। তিনদিন ব্যাপী এ প্রতিযোগিতায় নেপাল ও ভারতসহ মোট ১১টি দল অংশগ্রহণ করে।

## আর্চারি ওয়ার্ল্ড কাপ দলগত ইভেন্টে বাংলাদেশ ৪র্থ স্থান



জাতীয় ক্রীড়া পরিষদের জিমন্যাশিয়ামে অনুষ্ঠিত ৩৬তম সিনিয়র, ২১তম জুনিয়র ও ৪র্থ বয়স ভিত্তিক জাতীয় জিমন্যাস্টিক্স প্রতিযোগিতায় গত ৩ মার্চ শেষ হয়েছে। ৪ দিনব্যাপী অনুষ্ঠিত এ প্রতিযোগিতায় বিকেএসপি মোট ৪২টি পদক লাভ করে। এর মধ্যে ১৬ টি স্বর্ণ, ১৭টি রৌপ্য ও ৯টি তম্র পদক রয়েছে। ২১ তম জুনিয়র প্রতিযোগিতায় বালক ও বালিকা উভয় বিভাগে বিকেএসপি চ্যাম্পিয়ন। জুনিয়র বিভাগে ব্যক্তিগত সেরা খেলোয়াড় হন বিকেএসপি'র সাজিদ হক ও মিফতাহুল জান্নাত ইয়ামা। ৩৬ তম জাতীয় সিনিয়র মহিলা বিভাগে ১৪৪.৭৫ পয়েন্ট পেয়ে বিকেএসপি চ্যাম্পিয়ন হয়। সিনিয়র বিভাগে ব্যক্তিগত সেরা খেলোয়াড় হন বিকেএসপি'র নুর আক্তার বানু। ৪র্থ বয়স ভিত্তিক প্রতিযোগিতায় বালিকা গ্রুপে ভোল্টিং টেবিল ও ফ্লোর ইভেন্টে বনফুলি চাকমা ২টি স্বর্ণ জয় করে।

## নবনিযুক্ত যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী'র বিকেএসপি পরিদর্শন



গত ২৮ জানুয়ারি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল প্রথমবারের মত বিকেএসপি পরিদর্শন করেন। বিকেএসপি'র মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আনিছুর রহমান নবাগত মন্ত্রী মহোদয়কে ফুলেল শুভেচ্ছা জানান এবং বিকেএসপি সম্পর্কে ব্রিফ করেন। তিনি বিকেএসপি'র ১০ তলা ফাউন্ডেশনের ছাত্রী হোস্টেলের (৫ তলা পর্যন্ত সমাপ্ত) উদ্বোধন করেন । এর পূর্বে তিনি বিকেএসপি'র প্রমীলা কমপ্লেক্সের কাজের অগ্রগতি পরিদর্শন করেন। যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী বিকেএসপি পরিচালিত ক্রীড়া বিভাগের প্রশিক্ষণ কার্যক্রম ও ক্রীড়াবিজ্ঞান বিভাগ পরিদর্শন করেন। তিনি বিকেএসপি'র সকল কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন।

## বিকেএসপি'র প্রতিভা অন্বেষণ কার্যক্রম-২০১৯




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ক্রীড়ার মান উন্নয়নের লক্ষ্যে বিকেএসপি কর্তৃক বাস্তবায়নযোগ্য প্রকল্প 'তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ ও নিবিড় প্রশিক্ষণ কার্যক্রম ২০১৯' এর জেলা পর্যায়ের প্রাথমিক বাছাই পরীক্ষা গত ২৭ ফেব্রুয়ারি থেকে ১৮ মার্চ পর্যন্ত সারা দেশ ব্যাপী অনুষ্ঠিত হয়। অন লাইন ভিত্তিক নিবন্ধন প্রক্রিয়ার মাধ্যমে বিকেএসপি'র প্রশিক্ষক ও জেলা ক্রীড়া কর্মকর্তাগণের সমন্বয়ে এ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়। আগামী বছর এ প্রকল্প থেকে অধিকতর ক্রীড়া মেধা সম্পন্ন খেলোয়াড়দের বিকেএসপিতে ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

## বিকেএসপি'তে যথাযোগ্য মর্যাদায় শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন



বিকেএসপিতে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৯ যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন করা হয়। এ উপলক্ষ্যে বিকেএসপি'র মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আনিছুর রহমান জাতীয় পতাকা অর্ধনমিত করেন। এসময় পরিচালক (প্রশাসন ও অর্থ) হাওলাদার মো. রকিবুল বারী সহ সকল কর্মকর্তা, কর্মচারী ও প্রশিক্ষণার্থীগণ উপস্থিত ছিলেন। এরপর মহাপরিচালক প্রভাত ফেরিতে অংশ নেন এবং বিকেএসপি পরিবারের পক্ষ থেকে নির্মীয়মান শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন। দিবসটি উপলক্ষ্যে বিকেএসপি ক্রীড়া কলেজে দেয়ালিকা প্রতিযোগিতা, অডিও ভিজ্যুয়ালে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের আলোচনা সভা ও মসজিদে শহিদদের আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। উল্লেখ্য, বিকেএসপি'র আঞ্চলিক শাখা গুলো দিনাজপুর, বরিশাল, খুলনা, সিলেট ও চট্টগ্রামেও শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করা হয়।

## স্বাধীনতা দিবস কারাতে প্রতিযোগিতায় বিকেএসপি চ্যাম্পিয়ন




দুদিন (২৯-৩০ মার্চ) ব্যাপী অনুষ্ঠিত স্বাধীনতা দিবস কারাতে প্রতিযোগিতা-২০১৯ এ বিকেএসপি চ্যাম্পিয়ন হবার গৌরব অর্জন করে। জাতীয় ক্রীড়া পরিষদের ইনডোর স্টেডিয়ামে অনুষ্ঠিত এ প্রতিযোগিতায় বিকেএসপি ৮টি স্বর্ণ, ৪টি রৌপ্য ও ১টি তম্র সহ মোট ১৩টি পদক নিয়ে পদক তালিকার শীর্ষস্থান লাভ করে। স্বর্ণ পদক প্রাপ্তরা হলেন- মো. তাইস হাওলাদার (২টি), মো. আসিফ আলী, মো. ফিরোজ আহমেদ, মো. শাখাওয়াত হোসেন, মো. আল শাহরিয়ার, মো. হামিম ও মো. নাফিউল ইসলাম প্রত্যেকে ১টি করে স্বর্ণ পদক লাভ করেন।

## যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিকেএসপি পরিদর্শন



গত ১৩-১৪ মার্চ যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সাইন্স বিভাগের ৪০ সদস্য বিশিষ্ট একটি দল বিকেএসপি পরিদর্শনে আসলে বিকেএসপি'র ক্রীড়াবিজ্ঞান বিভাগের ভারপ্রাপ্ত উপ-পরিচালক মিসেস নুসরাৎ শারমীন দলটিকে স্বাগত জানান। দলটি বিকেএসপি'র ক্রীড়াবিজ্ঞান বিভাগ ছাড়াও বিভিন্ন ক্রীড়া ভেন্যু, স্থাপনা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করেন। সর্বশেষে পরিদর্শন দলটি বিকেএসপি'র মহাপরিচালক মহোদয়ের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।

## ক্রীড়াবিজ্ঞান বিভাগে বিষয় ভিত্তিক কর্মশালা



বিকেএসপি'র বাৎসরিক কার্যক্রমের অংশ হিসেবে ক্রীড়াবিজ্ঞানে বিষয় ভিত্তিক কর্মশালা অনুষ্ঠিত হয়। ক্রীড়াবিজ্ঞান বিভাগের ব্যবস্থাপনায় এ বছরের জানুয়ারি-জুন পর্যন্ত অনুষ্ঠিত কর্মশালায় এ্যাথলেটিক্স বিভাগ Enhance Sports Performance Through Strength Training শিরোনামে, বাস্কেটবল বিভাগ Common Injury in Basketball শিারোনামে, ক্রিকেট বিভাগ Role of Reaction Time in Cricket শিরোনামে এবং আর্চারি বিভাগ এৎরঢ় শিরোনামের উপর বিষয় ভিত্তিক কর্মশালা পরিচালনা করে। কর্মশালাগুলোতে প্রতিষ্ঠানের মহাপরিচালক ছাড়াও প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাগণ, ক্রীড়াবিজ্ঞান বিভাগের কর্মকর্তা ও ক্রীড়া বিভাগের বিভাগীয় প্রধানগণ উপস্থিত ছিলেন।

## বিশ্বকাপ ক্রিকেট-২০১৯ এ বিকেএসপি'র সাবেক প্রশিক্ষণার্থীবৃন্দ

বিশ্বকাপ ক্রিকেট-২০১৯ এ বিকেএসপি'র পাঁচজন সাবেক প্রশিক্ষণার্থী সাকিব (ক্রিকেট-৩৭০), মুশফিক (ক্রিকেট-২৮৫), সৌম্য (ক্রিকেট-৪৫৯), লিটন (ক্রিকেট-৫২২) ও মিঠুন (ক্রিকেট- ৩৫৯) বাংলাদেশ জাতীয় দলের হয়ে অসাধারণ দক্ষতার পরিচয় দিয়েছে। বিকেএসপি থেকে বিজ্ঞান ভিত্তিক দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ গ্রহণ করে তারা নিজেদেরকে বিশ্বমানে উন্নীত করেছে। বিকেএসপি তথা জাতির গর্ব ও অহংকারের প্রতীক হিসেবে বিশ্ব ক্রীড়াঙ্গনে তারা বাংলাদেশকে অনন্য উচ্চতায় নিয়ে গেছে। বিকেএসপি পরিবার এর পক্ষ থেকে তাদেরকে অভিনন্দন জ্ঞাপন করা হয়েছে।











## হকি কোচ মো. মওদুদুর রহমান শুভ'র এফআইএইচ একাডেমি লেভেল-২ কোচিং কোর্স অর্জন



বিকেএসপি'র হকি কোচ মো. মওদুদুর রহমান শুভ এফআইএইচ একাডেমি লেভেল-২ কোচিং কোর্স সাফল্যের সাথে সম্পন্ন করেছেন। গত ২৬-৩০ মার্চ মালয়েশিয়ার ইপো'তে কোর্সটি অনুষ্ঠিত হয়। আন্তর্জাতিক হকি ফেডারেশনের সহযোগিতায় এফ,আই,এইচ হকি একাডেমি লেভেল-২ কোচিং কোর্সটি আয়োজন করে। মোট ১১টি দেশের ১৭ জন কোচ এই কোচিং কোর্সে অংশগ্রহণ করেন। দেশগুলো হচ্ছে বাংলাদেশ, জ্যামাইকা, নেপাল, চাইনিজ তাইপে, ইন্দোনেশিয়া, কোরিয়া, মালয়েশিয়া, পাকিস্তান, ভারত, ভিয়েতনাম, সিঙ্গাপুর ও ফিলিপিন।

## বিকেএসপিতে ভর্তি কার্যক্রম-২০১৯



বিকেএসপিতে অনলাইন নিবন্ধন প্রক্রিয়ার মধ্য দিয়ে শুরু হয় ২০১৯ সালের দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ কার্যক্রম। ১৬ জানুয়ারি শুরু হয় খেলোয়াড় তৈরির কারখানা বিকেএসপিতে নতুন বছরের ভর্তি পরীক্ষা। চারদিন ব্যাপী অনুষ্ঠিত এ কার্যক্রমে ১৭টি ক্রীড়া বিভাগে মোট ৫০১৪ জন ছেলে-মেয়ে অংশগ্রহণ করে। এর মধ্যে ১৬৮৬ জন বাদ পড়েছে স্বাস্থ্য পরীক্ষায়। বাকি ৩৩২৮ জনের মধ্যে ক্রিকেটে সর্বাধিক ২০৫১, ফুটবলে ৭৭৩ ও হকিতে ৬৬ জন। এ ছাড়া ৫৭ জন করে উল্লেখযোগ্য উপস্থিতি ছিলো শ্যুটিং ও সাঁতারে। প্রাথমিক ভাবে নির্বাচিত ৬০৫ জনকে নিয়ে এক সপ্তাহের প্রশিক্ষণ ক্যাম্প থেকে চূড়ান্ত ভাবে ২০০ জন ছাত্র ও ৪৯ জন ছাত্রীসহ মোট ২৪৯ জনকে বিকেএসপিতে ভর্তি করা হয়। বিগত বছরের মতো এবারের ভর্তি প্রক্রিয়ায় বিসিবি ছাড়াও কয়েকটি ফেডারেশনের বিশেষজ্ঞ উপস্থিত ছিলেন।



## আমরা শোকাহত



বিকেএসপি'র বাস্কেটবল বিভাগে ১০ম শ্রেণির নিয়মিত প্রশিক্ষণার্থী মো. মাহবুবে এলাহী, বাস্কেটবল-১৩৮ ঢাকা মেডিকেল হাসপাতালের বার্ণ ইউনিটের আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় গত ৮ মে শাহাদাত বরণ করেন, (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মাহবুবে এলাহী গত ১৫ এপ্রিল বিকেএসপি'র ছাত্রাবাসের বাথরুমে অসুস্থ (জ্বর) অবস্থায় গোসল করতে গেলে ভুলক্রমে গরম পানির ঝরনায় তার শরীরের ৪০ শতাংশ ঝলসে যায়। বিকেএসপি কর্তৃপক্ষ তার উন্নত চিকিৎসার জন্য থাইল্যান্ড পাঠানোর প্রস্তুতি নিলেও মাহবুব শেষ পর্যন্ত ২১ দিন মৃত্যুর সাথে লড়াই করে না ফেরার দেশে চলে যান। মাহবুব এর অকাল মৃত্যুতে বিকেএসপি'র মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ রাশীদুল হাসান বিকেএসপি পরিবারের পক্ষ থেকে মরহুমের রুহের মাগফেরাত কামনা ও শোকাহত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন। মাহবুবে এলাহী ছিলেন তার মা-বাবার একমাত্র সন্তান।


**প্রধান পৃষ্ঠপোষক**

**ব্রিগেডিয়ার জেনারেল মোঃ রাশীদুল হাসান**
এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি
মহাপরিচালক, বিকেএসপি

**উপদেষ্টা**

**হাওলাদার মোঃ রকিবুল বারী**
যুগ্ম সচিব, পরিচালক (প্রশাসন ও অর্থ)
বিকেএসপি

**সম্পাদক**

**লে. কর্নেল মোহাম্মদ শাহরিয়ার কবীর,** পিএসসি
অধ্যক্ষ, ক্রীড়া কলেজ

**সহযোগী সম্পাদক**

**মিসেস নুসরাৎ শারমিন**
উপ-পরিচালক(ক্রীড়া বিজ্ঞান) অ. দা.

**মাসুদ হাসান**
চিফ কোচ, ক্রিকেট

**ড. মো. শামীমুজ্জামান**
প্রভাষক, বাংলা

**সম্পাদনা সহযোগী**

**আবু হেনা মোস্তফা কামাল**
প্রভাষক, ইংরেজি

**পরিতোষ দেওয়ান**
কোচ, ফুটবল

**শুভ রায়**
প্রভাষক, বাংলা

**মো. আশরাফুজ্জামান**
জনসংযোগ কর্মকর্তা

**রাজীব কুমার দেব**
ফটোগ্রাফার